14

দৈনিক ইনকিলাব

তারিখ ... 13 JAN 1997
পৃঃ ... কলাম ...

# শিক্ষা প্রতিষ্ঠানে দুই শিফট করুন

বর্তমান বিশ্বে কোনো দেশ ও জাতি শিক্ষা ছাড়া অগ্রসর হতে পারে না। যে দেশে শিক্ষা নেই সে দেশ উন্নতির শিখরে পৌঁছতে পারে না। শিক্ষা হচ্ছে যে কোনো দেশের মেরুদন্ড। আধুনিক শিক্ষাই মানুষের জীবনে চলার পথ সহজ করে দেয়। যে দেশ শিক্ষার উপর গুরুত্ব দেয় না সে দেশ দিন দিন চরম অধঃপতনের দিকে ধাবিত হয়। আধুনিক শিক্ষার কারণে আজ পাশ্চত্য ও আমেরিকার মত দেশসমূহ উন্নতির শিখরে পৌঁছেছে। বাংলাদেশের হাজার হাজার ছাত্র-ছাত্রী পর্যাপ্ত পরিমাণ কলেজ, বিশ্ব বিদ্যালয় না থাকার কারণে উক্ত শিক্ষা থেকে বঞ্চিত। কিন্তু এর জন্য দায়ী কে? সব চেয়ে দুঃখের কথা হলো যে, এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার আসনের জন্য আবেদন জমা পড়ে ৪৭ হাজার। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১৮শ' আসনের জন্য আবেদন করে ১৬ হাজার। জাহাঙ্গীর নগর বিশ্বঃ দেড় হাজার আসনের জন্য আবেদন করে ৪৬ হাজার। মাননীয় প্রধানমন্ত্রী আপনিই বলুন যে, অতিরিক্ত যারা আবেদন করেছে তারা কোথায় গিয়ে পড়বে? দেশের একজন কর্ণধার হিসেবে আপনার কি কোনো [illegible] জন্য যে আপনি স্বয়ং উদ্যোগ নিয়ে অবলম্বে দেশের বড় বড় কলেজ বিশ্বঃ ও ঢাকার সকল কলেজে আপনার সোনার ছেলেদের ধ্বংসের হাত থেকে রক্ষা করতে হলে জরুরী ভিত্তিতে দুই শিফটে ক্লাস চালু করুন। নতুবা যাদের ইচ্ছে থাকা সত্ত্বেও কলেজ ও বিশ্ববিদ্যালয় না থাকার কারণে পড়া লেখা থেকে বঞ্চিত হচ্ছে তারাই একদিন বিভিন্ন সমাজ বিরোধী কাজে জড়িয়ে পড়বে এবং দেশের সকল সরকারী ডিগ্রী কলেজে এমএ কোর্স চালু করুন ও শিক্ষাখাতে বাজেট বেশী করে বরাদ্দ করুন। [illegible] করতে পারে

[illegible]
বন্ধু নিউইয়র্ক।